'বিনিয়োগ অগ্রাধিকার'

Bangladesh Investment Development Authority

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
এইচআরডি অধিশাখা
বিনিয়োগ ভবন
প্লট নম্বর: ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা -১২০৭
ওয়েবসাইট: www.bida.gov.bd

নম্বর- ০৩.০৮.২৬৮০.২৪৫.১১.৬২৫.২৩-১১২

তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩২
১৭ ফেব্রুয়ারি ২০২৬

# নিয়োগপত্র

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে সরাসরি নিয়োগ প্রদানের লক্ষ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে "বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩" মোতাবেক জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯ম) বেতনক্রমে "সহকারী পরিচালক" পদে নিম্নলিখিত প্রার্থীদের মেধাক্রম অনুসারে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১ | ১৩০৪৮৪২৮ | নাম: তামজীদ আলম রাইয়ান<br>পিতা: মোঃ সামসুল আলম<br>মাতা: উম্মে রওশন আরা বেগম | হাউজ: ৯৬, গ্রাম: সুলতানপুর, পোস্ট অফিস: খলিলপুর বাজার, উপজেলা: রাজবাড়ী সদর, জেলা: রাজবাড়ী-৭৮০০ | হাউজ: ৯৬, গ্রাম: সুলতানপুর, পোস্ট অফিস: খলিলপুর বাজার, উপজেলা: রাজবাড়ী সদর, জেলা: রাজবাড়ী-৭৮০০ |
| ০২ | ১৩০২৬৫৯২ | নাম: মোবারক হোসেন<br>পিতা: মোঃ হাবিবুর রহমান<br>মাতা: মুনজিলা বেগম | রুম: ২৩৮, সূর্যসেন হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, পোস্ট অফিস: ঢাকা বিশ্ববিদ্যালয়, থানা-শাহবাগ, ঢাকা-১০০০ | গ্রাম: সরদারকান্দি, ভবানীপুর, পোস্ট অফিস: মিয়ার হাট, উপজেলা: কালকিনি, মাদারীপুর-৭৯২০ |
| ০৩ | ১৩০১৮৭২৮ | নাম: এ এফ এম আল মুকীত<br>পিতা: মোঃ আবুল হোসেন<br>মাতা: দেলোয়ারা বেগম | ১৫/৭, নয়াপাড়া, বলাশপুর, পোস্ট অফিস: ময়মনসিংহ সদর, উপজেলা: ময়মনসিংহ সদর, জেলা: ময়মনসিংহ-২২০০ | ১৫/৭, নয়াপাড়া, বলাশপুর, পোস্ট অফিস: ময়মনসিংহ সদর, উপজেলা: ময়মনসিংহ সদর, জেলা: ময়মনসিংহ-২২০০ |
| ০৪ | ১৩০০৭২৩৬ | নাম: হুদি রহমান<br>পিতা: খলিলুর রহমান<br>মাতা: মোসা: মনি রহমান | কালুশাহ রোড, পোস্ট অফিস: বরিশাল সদর, উপজেলা: বরিশাল সদর (কোতয়ালি), জেলা: বরিশাল-৮২০০ | কালুশাহ রোড, পোস্ট অফিস: বরিশাল সদর, উপজেলা: বরিশাল সদর (কোতয়ালি), জেলা: বরিশাল-৮২০০ |
| ০৫ | ১৩০১৮২৭৩ | নাম: মোঃ সোহানুর রহমান সিকদার<br>পিতা: মো: সাদিকুর রহমান সিকদার<br>মাতা: সাহিদা আক্তার | হোল্ডিং নং: ০৪১৬-০০০, গ্রাম: হাসপাতাল রোড, ঝাউতলা ৪র্থ গলি, বগুড়া আলেকান্দা, পোস্ট অফিস: বরিশাল সদর, উপজেলা: বরিশাল সদর (কোতয়ালি), জেলা: বরিশাল-৮২০০ | হোল্ডিং নং: ০৪১৬-০০০, গ্রাম: হাসপাতাল রোড, ঝাউতলা ৪র্থ গলি, বগুড়া আলেকান্দা, পোস্ট অফিস: বরিশাল সদর, উপজেলা: বরিশাল সদর (কোতয়ালি), জেলা: বরিশাল-৮২০০ |
| ০৬ | ১৩০১৭৮৩৯ | নাম: এস. এম. রাফিও মোর্শেদ<br>পিতা: এস. এম. রায়হান উদ্দিন<br>মাতা: সেলিনা হোসাইনী | ফ্ল্যাট: ৩/এ, হাউজ: ৩৬৮/৩, উত্তর পীরেরবাগ, পোস্ট অফিস: মিরপুর, থানা: মিরপুর মডেল, জেলা: ঢাকা-১২১৬ | ফ্ল্যাট: ৩/এ, হাউজ: ৩৬৮/৩, উত্তর পীরেরবাগ, পোস্ট অফিস: মিরপুর, থানা: মিরপুর মডেল, জেলা: ঢাকা-১২১৬ |

| ক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ০৭ | ১৩০৪৯৩১৯ | নাম: মোঃ শাহে-দ্বীন মোসায়েদ<br>পিতা: মো: নজরুল ইসলাম তালুকদার<br>মাতা:মোসা: রেজেকা সুলতানা | হাউজ: ১৮০/এইচ/৪/১, তিতাস রোড, পূর্ব রামপুরা, পোস্ট অফিস: খিলগাঁও, থানা: খিলগাঁও, জেলা: ঢাকা-১২১৯ | হাউজ: ৩০, গ্রাম: দুর্লভপুর, পোস্ট অফিস: জামিরা, উপজেলা: পুঠিয়া, জেলা: রাজশাহী-৬২৭১ |
| ০৮ | ১৩০২৬৯৯৭ | নাম: মো: রাশেদুর রহমান<br>পিতা: মোঃ ছায়েদুর রহমান<br>মাতা: রওশন রহমান | ফ্ল্যাট: এ২, হাউজ: ২৭৬, পূর্ব রামপুরা, হাই স্কুল গলি, পোস্ট অফিস: খিলগাঁও, থানা: রামপুরা, জেলা: ঢাকা-১২১৯ | গ্রাম: নেমতাবাদ, পোস্ট অফিস: নেমতাবাদ, উপজেলা: কসবা, জেলা: ব্রাহ্মণবাড়িয়া-৩৪৬৪ |
| ০৯ | ১৩০১২১৫৫ | নাম: কে এম শহিদুল ইসলাম রাজু<br>পিতা: মোঃ জয়নাল আবেদীন খান<br>মাতা: সাজেদা খানম | ৬, রাজা, শ্রীনাথ রোড, লালবাগ, ঢাকা-১২১১ | ১৪৪, ওয়ার্ড নং: ০১, শরীয়তপুর পৌরসভা, পোস্ট অফিস: পালং, উপজেলা: পালং (সদর), জেলা: শরীয়তপুর-৮০০০ |
| ১০ | ১৩০২৩৭৪২ | নাম: মোঃ আশরাফুল আলম লিংকন<br>পিতা: মোঃ ফজলুল হক<br>মাতা: সুলতানা হক | হাউজ: ৩৫, ব্লক: বি, ইস্টার্ন হাউজিং, পল্লবী ২য় ফেজ, পোস্ট অফিস: পল্লবী, থানা: রুপনগর, জেলা: ঢাকা-১২১৬ | হোল্ডিং নং: ৯১৮, গ্রাম: পশ্চিম চন্ডিমন্ডপ (চাতাল), ইউনিয়ন: ১নং দুল্লা, পোস্ট অফিস: চেচুয়া বাজার, উপজেলা: মুক্তাগাছা, জেলা: ময়মনসিংহ-২২১০ |
| ১১ | ১৩০০০০৯৬ | নাম: মোঃ শরিয়তুল্লাহ<br>পিতা: মোঃ আবুল কালাম আজাদ<br>মাতা: মোসাঃ তাজকেরা খাতুন | গ্রাম: উপর রাজারামপুর (কুমারপাড়া), ওয়ার্ড নং: ০৫, হোল্ডিং নং: ৬৩৯/৪, পোস্ট অফিস: উপর রাজারামপুর, উপজেলা: চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা: চাঁপাইনবাবগঞ্জ-৬৩০০ | গ্রাম: উপর রাজারামপুর (কুমারপাড়া), ওয়ার্ড নং: ০৫, হোল্ডিং নং: ৬৩৯/৪, পোস্ট অফিস: উপর রাজারামপুর, উপজেলা: চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা: চাঁপাইনবাবগঞ্জ-৬৩০০ |
| ১২ | ১৩০২৪৮৭৬ | নাম: অমিত রায় শ্যাম<br>পিতা: অজয় রায়<br>মাতা: বরুনা রায় | গ্রাম: কোতয়ালিরচর, পোস্ট অফিস: মাধবদী, উপজেলা: নরসিংদী সদর, জেলা: নরসিংদী-১৬০৪ | গ্রাম: কোতয়ালিরচর, পোস্ট অফিস: মাধবদী, উপজেলা: নরসিংদী সদর, জেলা: নরসিংদী-১৬০৪ |
| ১৩ | ১৩০০৭১৭২ | নাম: মোঃ মাহফুজুল ইসলাম<br>পিতা: মোঃ মফিজুল ইসলাম<br>মাতা: মোসাঃ সুরাইয়া আক্তার | জেল কোয়ার্টার, কুমিল্লা সেন্ট্রাল জেল, পোস্ট অফিস: কুমিল্লা সদর, উপজেলা: কুমিল্লা সদর, জেলা: কুমিল্লা-৩৫০০ | গ্রাম: কালতা, পোস্ট অফিস: কসবা, উপজেলা: কসবা, জেলা: ব্রাহ্মণবাড়িয়া-৩৪৬০ |
| ১৪ | ১৩০০৯২৫০ | নাম: সাঈদুজ্জামান সিফাত<br>পিতা: মো. আনোয়ারুজ্জামান<br>মাতা: জান্নাতুল পারভীন | গ্রাম: পূর্ব মিয়াজী পাড়া, ইউনিয়ন: জালালাবাদ, পোস্ট অফিস: ঈদগাহ, উপজেলা: কক্সবাজার সদর, জেলা: কক্সবাজার-৪৭০২ | গ্রাম: পূর্ব মিয়াজী পাড়া, ইউনিয়ন: জালালাবাদ, পোস্ট অফিস: ঈদগাহ, উপজেলা: কক্সবাজার সদর, জেলা: কক্সবাজার-৪৭০২ |
| ১৫ | ১৩০০৭২০০ | নাম: তানজিম ফেরদৌস অমিয়<br>পিতা: মোঃ ফেরদৌসুর রহমান<br>মাতা: শাহনাজ ফেরদৌস | বিজয় রাকিন সিটি, হাউজ: বি-৫, টাওয়ার-২, লেবেল-৪, ফ্ল্যাট-১, পোস্ট অফিস: মিরপুর, থানা: মিরপুর মডেল, জেলা: ঢাকা-১২১৬ | বিজয় রাকিন সিটি, হাউজ: বি-৫, টাওয়ার-২, লেবেল-৪, ফ্ল্যাট-১, পোস্ট অফিস: মিরপুর, থানা: মিরপুর মডেল, জেলা: ঢাকা-১২১৬ |

| ক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ১৬ | ১৩০৩৪৭২৫ | নাম: শ্রাবনী বসু<br>পিতা: অশোক কুমার বসু<br>মাতা: তৃপ্তি বসু | গ্রাম: কাউলজানী, পোস্ট অফিস: কাউলজানী, উপজেলা: বাসাইল, জেলা: টাঙ্গাইল-১৯৭৩ | গ্রাম: কাউলজানী, পোস্ট অফিস: কাউলজানী, উপজেলা: বাসাইল, জেলা: টাঙ্গাইল-১৯৭৩ |

০২। **শর্তাবলি:**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে কর্তৃপক্ষ শিক্ষানবিশকাল অনুর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(খ) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হবে না যতক্ষণ না সরকারি/কর্তৃপক্ষের আদেশবলে সময়ে সময়ে পরীক্ষা/প্রশিক্ষণ/কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুযায়ী পরীক্ষায় পাশ/প্রশিক্ষণ গ্রহণ/উপযুক্ততায় উত্তীর্ণ হন;

(গ) শিক্ষানবিশকালে চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে আবেদন প্রদান অথবা ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে। এছাড়া, তাকে একজন আমানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;

(ঘ) চাকরি থেকে ইস্তফা দেওয়ার ক্ষেত্রে, তার ইস্তফা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (গ) অনুযায়ী তার নিকট কর্তৃপক্ষ/সরকারের প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং "বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩" অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঙ) "বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩" অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর বিরুদ্ধে নিয়োগ পরবর্তী কোনো রকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তার ক্ষেত্রে নিয়োগ আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(ছ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, তিনি নিজে বা তার পরিবারের কোনো সদস্য যৌতুক গ্রহণ করবেন না এবং যৌতুক প্রদান করবেন না;

(ঝ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তার ও তার পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাকে চাকরিতে যোগদানের সময় বিডা'য় জমা দিতে হবে। এ ছাড়া ১৩ (২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে অথবা কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/বৃদ্ধির হিসাব বিবরণী কর্তৃপক্ষে জমা দিতে হবে;

(ঞ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্ত প্রার্থী কর্তৃক দাখিলকৃত মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তার নিয়োগ বাতিল হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;

(ট) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ঠ) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ড) চাকরিতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদসহ ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন এবং প্রদত্ত কাগজ/সনদপত্রে কোনরূপ অসংলগ্নতা পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঢ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০, তারিখ-১৮/০৯/২০১৮ খ্রি. তারিখ মোতাবেক চাকরিতে প্রবেশের সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার কর্তৃক মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) দাখিল করতে হবে;

(ণ) এ নিয়োগপত্রের সাথে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে এবং পুলিশ ভেরিফিকেশন ফরম-এর সাথে সংযুক্তি হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি মেয়র কর্তৃক নাগরিক সনদপত্র ও সর্বশেষ অধ্যয়নকৃত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে। চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে;

(ত) চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

(থ) যোগদানকৃত প্রার্থীর চাকরি সংশ্লিষ্ট পদের নিয়োগ প্রবিধানমালা অনুযায়ী পরিচালিত হবে;

(দ) নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি "বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩" ও ভবিষ্যতে প্রণীতব্য প্রবিধান/বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবে। উল্লিখিত প্রবিধানমালায় যে সকল বিষয় সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই সে সকল বিষয়ে সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান, প্রয়োজনীয় অভিযোজনসহ, নিয়োগপ্রাপ্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

**০৩। উল্লিখিত শর্তাবলি পূরণ সাপেক্ষ সহকারী পরিচালক পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে আগামী ১৬ ফাল্গুন ১৪৩২/ ০১ মার্চ ২০২৬ তারিখ পূর্বাহ্নে নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।**

(মো: মারুফুল আলম)
পরিচালক (উপসচিব)
ফোন: ৪৪৮২৬৭৪৯
ই-মেইল: dir.fm@bida.gov.bd

<u>বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দ:আ: পরিচালক-১)
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৫। সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
৬। পরিচালক, ফাইন্যান্স, বাজেট এন্ড অডিট, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রধান উপদেষ্টার কার্যালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৮। জনাব ......................................................................................................

<u>অনুলিপি:</u>

১। মাননীয় নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
(মাননীয় নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম**

[সমস্ত দফাগুলির সঠিক উত্তর লিপিবদ্ধ করার জন্য একজন দায়িত্বশীল অফিসার দরখাস্তকারীকে যথাযথভাবে প্রশ্ন করিবেন। কারণ কোন কিছু বাদ গেলে দেরী হওয়ার সম্ভাবনা থাকিতে পারে ও পরিচিতির ক্ষেত্রে বিভ্রান্তির সৃষ্টি হইতে পারে।]

**প্রার্থী যে পদে নিযুক্ত হইবেন সেই পদের নামঃ**...........................................................................................

## ১ম ভাগঃ প্রার্থী নিজ হস্তে পূরণ করিবেন

১। ডাক নাম থাকিলে তৎসহ পূর্ণ নাম (স্পষ্টাক্ষরে) ও জাতীয়তা :...........................................................................

২। পিতার পূর্ণ নাম ও চাকুরীতে থাকিলে পদের নাম এবং জাতীয়তা : ...................................................................

৩। বাড়ীর পূর্ণ ঠিকানা (অর্থাৎ গ্রাম, ডাকঘর, থানা/উপজেলা ও জেলা) : .....................................................................

........................................................................................................................................................

৪। বর্তমান বসবাসের ঠিকানাঃ .........................................................................................................................

........................................................................................................................................................

৫। প্রার্থী যে সমস্ত স্থানে বিগত পাঁচ হইতে ছয় মাসের অধিক অবস্থান করিয়াছেন সেই সব স্থানের ঠিকানাঃ

| ঠিকানা | তারিখ হইতে | তারিখ পর্যন্ত |
| --- | --- | --- |
| | | |
| | | |
| | | |

৬। জন্ম তারিখ (প্রার্থী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকিলে উক্ত সার্টিফিকেটের বয়স লিখিতে হইবে):

৭। জন্ম স্থান (গ্রাম, থানা/উপজেলা, জেলা ইত্যাদি উল্লেখ করতে হবে): .................................................................

........................................................................................................................................................

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৮। প্রার্থী পনেরো বছর বয়স হতে যেসব বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছেন সেই সব শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও বৎসর উল্লেখ পূর্বক শিক্ষাগত যোগ্যতা:

| বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম | শ্রেণী ও রোল নম্বর | ভর্তির তারিখ | পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

৯। অফিস বা ব্যবসা প্রতিষ্ঠানে প্রার্থী পূর্বে চাকুরী করিয়া থাকিলে উহার পূর্ণ বিবরণ ও ঠিকানা এবং সেইগুলি পরিত্যাগের কারণঃ

| অফিস/ব্যবসা প্রতিষ্ঠানে | তারিখ হইতে | তারিখ পর্যন্ত | পরিত্যাগের কারণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে প্রার্থী পূর্বে চাকুরী করিয়া থাকিলে অব্যাহতি সার্টিফিকেট লিপিবদ্ধ চাকুরীর মেয়াদ, কী কী দায়িত্ব পালন করিয়াছেন এবং চরিত্র (আচার-ব্যবহার সম্পর্কিত রিপোর্ট সংশ্লিষ্ট বিবরণাদি উল্লেখ করিতে হইবে।

**টীকাঃ সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে সন্তুষ্ট হইতে হইবে যে, উল্লিখিত ভূতপূর্ব সামরিক কর্মচারীদের অব্যাহতি সার্টিফিকেট সন্তোষজনক।**

১০। ফৌজদারী, রাজনৈতিক বা অন্য কারণে গ্রেপ্তার, অভিযুক্ত বা দন্ডিত এবং নজরবন্দী বা বহিস্কৃত হইয়াছেন কিনা, হইয়া থাকিলে

তারিখসহ পূর্ণ বিবরণ দিতে হইবেঃ ............................................................................................................ ।

১১। আত্মীয়-স্বজনের কেহ অর্থাৎ ভাই, ভগ্নি, আপন চাচা, শ্বশুরের দিকের নিকট আত্মীয় বাংলাদেশ সরকারের চাকুরীতে নিযুক্ত থাকিলে পদের নাম ও কর্মসংস্থান উল্লেখ পূর্বক পূর্ণ বিবরণ।

| আত্মীয়-স্বজনের নাম | পদের নাম | কর্মস্থান |
|---|---|---|
| | | |
| | | |

১২। প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বশেষ অধ্যায়ন করিয়াছেন উহার প্রধানের নিকট হতে একটি চরিত্রগত সার্টিফিকেট এই সঙ্গে দিতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

১৩। প্রার্থীর চরিত্র ও পরিচয় সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন কিছু প্রার্থী সাথে আত্মীয়তা সূত্রে আবদ্ধ নন এমন দুই ব্যক্তির ঠিকানাসহ নাম (সংসদ-সদস্য, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, রিডার সিনিয়র লেকচারার ও বেসরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ):

| নাম | ঠিকানা |
|---|---|
| | |
| | |

১৪। বিবাহিত বা অবিবাহিত (বিবাহিত হলে বা বিবাহের প্রস্তাব থাকলে, যাকে বিবাহ করা হয়েছে বা বিবাহ করার জন্য প্রস্তাব রয়েছে তার জাতীয়তা উল্লেখ করতে হবে): ..........................................................................................................

আমি শপথ পূর্বক বলছি যে, উপরে প্রদত্ত বিবরণ সমূহ আমার জানামতে সঠিক।

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

প্রেরণকারী অফিসারের স্বাক্ষর ও পদবী এবং পূর্ণ ঠিকানাসহ অফিসের নাম

**২য় ভাগঃ (জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট/ বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ পূরণ করবেন।**

নিম্নোক্ত কারণের জন্য অনুপোযুক্ত

স্থান: ..........................

তারিখ: ..........................

পুলিশ সুপারিনটেনডেন্ট, জেলা স্পেশাল ব্রাঞ্চ, ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।

প্রত্যয়নে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন কিছু না পাওয়া গেলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট/বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষ এর নিকট সরাসরি ফেরত পাঠাবেন। কিন্তু যদি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে রেকর্ডে কোন তথ্য পাওয়া যায় তা হলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট/বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশের মাধ্যমে জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষ এর নিকট সরাসরি ফেরত পাঠাবেন।

প্রতি স্বাক্ষরিত..........................

ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।